



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭৮.২৩.১২৬

তারিখ: ২৮ মাঘ ১৪৩০

১১ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ১৫২১৯/২০২৩-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১৫২১৯/২০২৩-এর ০৭/১২/২০২৩ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পরিষদে হাজির হয়ে অভিযোগ/দাবী সম্পর্কে জবাব প্রদানের জন্য ফয়সালা না হওয়া পর্যন্ত জমির ধান কাটা, পুকুরে মাছ ধরা ও আগাছা পরিষ্কারে নিষেধাজ্ঞা আরোপ করে পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলাধীন কলাগাছিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রতিবাদীর প্রতি সমন জারি করেন। ফলে পিটিশনার জনাব আব্দুস সোবাহান হাওলাদার সংক্ষুব্ধ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৫২১৯/২০২৩ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশসহ তর্কিত বিষয়ে ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং জেলা প্রশাসক, পটুয়াখালী-কে ২নং প্রতিপক্ষসহ মোট ছয় জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৫২১৯/২০২৩-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা ও আনুসঙ্গিক কাগজপত্র নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8358/potrojariAttachmentRef/52832/0/2240)

১১-২-২০২৪

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭৮.২৩.১২৬/১

তারিখ: ২৮ মাঘ ১৪৩০

১১ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়
- ২) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

৫) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

৬) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১১-২-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)